## Sanatan Dharma

---

**মহিলাদের শরীরে কোন কোন চিহ্ন**

আমাদের সবার শরীরেই নানা ধরনের চিহ্ন থাকে। জ্যোতিষ শাস্ত্রের একটি ভাগ সামুদ্রিক শাস্ত্র অনুসারে এই সব শারীরিক চিহ্ন(Body Marks) দেখে জাতকের সম্পর্কে অনেক কিছু আন্দাজ করা যেতে পারে। তার মধ্যে কোনও কোনও চিহ্ন শুভ এবং কোনও কোনও চিহ্ন অশুভ সংকেত বহন করে। আজ আমরা আলোচনা করব মহিলাদের শরীরে কোন কোন চিহ্ন থাকলে তা অত্যন্ত শুভ ফল নিয়ে আসে।

কোনও মহিলা সৌভাগ্যবতী হলে তাঁর গোটা পরিবার সেই সৌভাগ্যের ছটায় উজ্জ্বল হয়ে ওঠে। কথায় বলে, প্রত্যেক সফল পুরুষের পেছনে একজন মহিলার হাত থাকে। কারণ যে নারী সৌভাগ্যবতী হন, তিনি তাঁর সঙ্গে গোটা পরিবারকে সৌভাগ্যের দ্বারে পৌছে দেন। সৌভাগ্যের আশীর্বাদ পেতে আমরা সবাই চাই। পুরুষ ও মহিলা উভয়ের শরীরেই এমন কিছু কিছু চিহ্ন থাকে, যা দেখে তিনি কতটা সৌভাগ্যশালী তা আন্দাজ করা যায়। জেনে নিন মহিলাদের শরীরে কোন কোন নিদর্শন থাকলে তা সৌভাগ্যের নিদর্শন বলে মনে করা হয়।

মহিলাদের শরীরে এই ৭ চিহ্ন অত্যন্ত সৌভাগ্যের, সাফল্যে আসে সহজেই

### 1. পায়ের তিল

সমুদ্রশাস্ত্র অনুসারে কোনও মহিলার পায়ে যদি ত্রিভূজাকৃতি আকারের তিল থাকে তাহলে তা অত্যন্ত শুভ বলে মনে করা হয়। এই ধরনের মহিলারা অত্যন্ত বুদ্ধিমতী হন। এঁরা সব সময় অন্যদের সাহায্য করার জন্য প্রস্তুত থাকেন।

### 2. নাভিতে তিল

মহিলাদের ক্ষেত্রে নাভির কাছে তিল থাকা অত্যন্ত শুভ। এই ধরনের মহিলারা তাঁদের গোটা পরিবারের জন্য সৌভাগ্য নিয়ে আসেন। নাভির কাছাকাছি যাদের তিল থাকে, তাঁরা শুধু সৌভাগ্য নিয়ে আসেন তাই নয়, পাশাপাশি সুখ ও সমৃদ্ধিও তাঁদের পরিবারের জন্য নিয়ে আসেন।

### 3. গোড়ালি

যে মহিলাদের গোড়ালি লম্বা, তাঁদের জীবনে অনেক কষ্টের মধ্যে পড়তে হয়। কিন্তু যাঁদের পায়ের বুড়ো আঙুল চওড়া, গোল ও লালচে হয়, তাঁরা অত্যন্ত সৌভাগ্যবতী হয়ে থাকেন।

### 4. পায়ের পাতা

যে মহিলাদের পায়ের পাতা শঙ্খের মতো, পদ্মের মতো অথবা চক্রের মতো, তাঁরা

Published on: Jun, 05 2023 20:08

লক্ষ্মীমন্ত হয়ে থাকেন। এঁরা হয় নিজেরা জীবনে বড় কোনও সাফল্য অর্জন করেন অথবা সঙ্গীর জন্য সৌভাগ্য নিয়ে আসেন।

## 5. নাকে তিল

নাকে তিল থাকা মহিলাদের জন্য খুবই শুভ। এদের জন্য সৌভাগ্যের দরজা সব সময় উন্মুক্ত থাকে। সুখ, শান্তি ও সমৃদ্ধি এঁদের জীবনে সব সময় ঘিরে থাকে।

## 6. জিভ

জিভ নরম ও গোলাপী হওয়া মহিলাদের জন্য খুবই শুভ। এরা সুখ ও সৌভাগ্যের প্রতীক হন। এঁরা যেখানে থাকেন, সেখানে যেন সুখ ও সমৃদ্ধির জোয়ার বয়ে যায়।

## 7. চোখ

যে মহিলাদের চোখ সুন্দর, তঁদের ভাগ্যও খুব ভালো হয়। হরিণের মতো চোখ যাঁদের সেই মহিলারা অত্যন্ত সৌভাগ্যশালী হন। এঁরা নিজেদের চারপাশে ভালোবাসা ও আনন্দের বাতাবরণ তৈরি করে রাখেন। যে মহিলাদের চোখের কোণ লালচে হয়, তাঁরাও অত্যন্ত সৌভাগ্যশালী হন।

Published on: Jun, 05 2023 20:08